



নিষিদ্ধ ছাত্রলীগের ঝটিকা মিছিল, গ্রেপ্তার ১৩



ছবি: সংগৃহীত

ফেনীতে নিষিদ্ধ ছাত্রলীগের ব্যানারে ঝটিকা মিছিলের ঘটনায় অভিযান চালিয়ে ১৩ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বৃহস্পতিবার (২২ অক্টোবর) ভোরে ফেনী মডেল থানা-পুলিশ তাদের গ্রেপ্তার করে। পরে বিকেলে আদালতের মাধ্যমে তাঁদের কারাগারে পাঠানো হয়।

পুলিশ জানায়, ভোর সাড়ে ৫টার দিকে শহরের লালপুল দশমীঘাট সড়কে আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা ব্যানার নিয়ে মিছিল করেন। খবর পেয়ে পুলিশ অভিযান চালিয়ে ১৩ জনকে আটক করে।

এ ঘটনায় সন্ত্রাসবিরোধী আইনে ফেনী মডেল থানায় মামলা হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিরা নিষিদ্ধ ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মী বলে স্বীকার করেছেন বলে জানিয়েছেন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুল ইসলাম। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

LENS ASIA